

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৮৭

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৩. ইমামের সাথে সালাত আদায়কারী ব্যক্তি (মুক্কতাদী) একজন হলে তার অবস্থান

بَابِ مَقَامٍ مَنْ يُصلِّي مَعَ الْإِمَامِ إِذَا كَانَ وَحْدَهُ

## আরবী

أَخْبَرَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ الْحَكَمِ قَالَ سَمِعْتُ سَعِيدَ بْنَ جُبَيْرٍ يُحَدِّثُ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ كُنْتُ عِنْدَ خَالَتِي مَيْمُونَةَ فَجَاءَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَعْدَ الْعِشَاءِ فَصَلَّى أَنْ كَلِمَةً نَحْوَهَا فَقَامَ فَصَلَّى فَجِئْتُ الْعِشَاءِ فَصَلَّى أَنْ كَلِمَةً نَحْوَهَا فَقَامَ فَصلَلَّى فَجِئْتُ فَقُمْتُ عَنْ يَسَارِهِ فَأَخَذَ بِيَدِي فَجَعَلَنِي عَنْ يَمِينِهِ

## বাংলা

১২৮৭. ইবনু আব্বাস রাদ্মাল্লাহু আনহুমা হতে বর্ণিত, আমি (একরাতে) আমার খালা মায়মুনাহ'র নিকট ছিলাম। এরপর ঈশা'র সালাতের পরে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম (ঘরে) এসে চার রাকা'আত সালাত আদায় করলেন। অতঃপর দাঁড়িয়ে বললেন: "বালকটি কি ঘুমিয়ে পড়লো?" অথবা, অনুরূপ কথা বললেন। অতঃপর দাঁড়িয়ে আবার সালাত আদায় করতে লাগলেন। আর আমি এসে তাঁর বাম পাশে (সালাতে) দাঁড়ালাম, তখন তিনি আমার হাত ধরে আমাকে তাঁর ডানপাশে নিয়ে আসলেন।'[1]

## ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ। এটি বুখারী মুসলিমের হাদীস।

তাখরীজ: সহীহ বুখারী ১৮৩; সহীহ মুসলিম ৭৬৩; আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাওসিলী ২৪৬৫; আবী ইয়ালা, মু'জামুশ শুয়ূখ নং ৩২৯; সহীহ ইবনু হিব্বান নং ২৫৭৯, ২৫৯২, ২৬২৬; মুসনাদুল হুমাইদী নং ৪৭৭ এ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)



 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=81570}$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন